অবিলম্বে প্রকাশের জন্য: 10/28/2025 **গভর্নর ক্যাথি হোকল**

ন্যাশনাল ফার্স্ট রেসপন্ডারস ডে উপলক্ষে গভর্নর হোকল অ্যাডিশনাল ফার্স্ট রেসপন্ডার ওয়েলনেস উদ্যোগগুলো তুলে ধরলেন

উদ্যোগগুলোর মধ্যে রয়েছে রেসপন্ডার ওয়েলনেস প্রোগ্রাম প্রাইমার, ফার্স্ট রেসপন্ডার হেলথ ভিডিও এবং একটি নতুন রেসপন্ডার ওয়েলনেস ওয়েবপেজ

গভর্নর হোকলের চলমান প্রচেষ্টার অংশ হিসেবে ফার্স্ট রেসপন্ডারদের জন্য সহায়তামূলক সেবার সম্প্রসারণে এটি আরেকটি পদক্ষেপ

ন্যাশনাল ফার্স্ট রেসপন্ডারস ডে উপলক্ষে, গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) স্টেটের ফার্স্ট রেসপন্ডারদের মানসিক স্বাস্থ্য ও কল্যাণমূলক উন্নয়নে নতুন কয়েকটি উদ্যোগ ঘোষণা করেছেন। নতুন রিসোর্সগুলোর মধ্যে রয়েছে রেসপন্ডার ওয়েলনেস প্রোগ্রাম প্রাইমার (Responder Wellness Program Primer) যা স্টেট ও স্থানীয় জননিরাপত্তা সংস্থাগুলোকে তাদের রেসপন্ডার ওয়েলনেস প্রোগ্রাম তৈরি বা উন্নত করতে সহায়তা করার জন্য একটি তথ্যভিত্তিক গাইড হিসেবে কাজ করবে; একটি ভিডিও যেখানে ফার্স্ট রেসপন্ডারদের বিশেষ মানসিক স্বাস্থ্যগত প্রয়োজনীয়তা তুলে ধরা হয়েছে এবং একটি নতুন ওয়েবসাইট যা ফার্স্ট রেসপন্ডারদের মানসিক স্বাস্থ্য ও কল্যাণ সম্পর্কিত তথ্য সরবরাহ করবে। এই নতুন রিসোর্সগুলোর প্রকাশ গভর্নর Hochul (হোকল)-এর ফার্স্ট রেসপন্ডারদের জন্য সহায়তামূলক সেবা সম্প্রসারণের প্রচেষ্টার ধারাবাহিকতা যা স্টেটের প্রথম ফার্স্ট রেসপন্ডাদের মানসিক স্বাস্থ্যগত চাহিদা মূল্যায়ন প্রকাশের পর শুরু হয়েছিল এবং ঐ সমীক্ষায় দেখা যায় যে, জননিরাপত্তা খাতে কর্মরত অর্ধেকেরও বেশি ব্যক্তি উচ্চমাত্রার মানসিক চাপ, ক্লান্তি ও মানসিক স্বাস্থ্য সমস্যার সম্মুখীন হয়ে থাকেন।

“আমাদের জরুরি ফার্স্ট রেসপন্ডারগণ নিউ ইয়র্কের মানুষের পাশে দাঁড়ান যখন সবচেয়ে বেশি প্রয়োজন হয় এবং তারা বহুদিন ধরে আমাদের কঠিন মুহূর্তগুলোর ভার বহন করে আসছেন,” **গভর্নর Hochul (হোকল) বলেন।** “ফার্স্ট রেসপন্ডারগণকে যেন এই চ্যালেঞ্জগুলো একা মোকাবিলা না করতে হয় সে ব্যাপারে আমি প্রতিশ্রুতিবদ্ধ। সুস্থতামূলক কর্মসূচি ও মানসিক স্বাস্থ্যসেবাকে শক্তিশালী করতে নতুনভাবে তৈরি করা রিসোর্সগুলোর মাধ্যমে আমরা সেইসব মানুষদের সহায়তা করছি যারা আমাদের সুরক্ষা দেন এবং নিউ ইয়র্কের কমিউনিটিগুলোকে রক্ষা করতে তাদের জীবন উৎসর্গ করেছেন।"

রেসপন্ডার ওয়েলনেস প্রোগ্রাম প্রাইমার নথিটি প্রধান বিবেচনাসমূহ ও সর্বোত্তম অনুশীলনের দিকনির্দেশনা প্রদান করে এবং এটি স্টেটজুড়ে কর্মরত ওয়েলনেস অফিসার এবং কোঅর্ডিনেটরদের পরামর্শে তৈরি করা হয়েছে। এছাড়াও, হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশন (Division of Homeland Security and Emergency Services, DHSES) একটি ভিডিও প্রকাশ করেছে যেখানে ফার্স্ট রেসপন্ডারদের মানসিক স্বাস্থ্য সংক্রান্ত বিশেষ চাহিদা ও চ্যালেঞ্জ তুলে ধরা হয়েছে, যেমন- ট্রমার অভিজ্ঞতা, সামাজিক কলঙ্ক এবং চিকিৎসা গ্রহণে প্রতিবন্ধকতা। ভিডিওটির উদ্দেশ্য সচেতনতা বৃদ্ধি এবং এটি DHSES ও NYS অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health, OMH)-এর চলমান সহযোগিতায় তৈরি হয়েছে যাতে মানসিক স্বাস্থ্য সংশ্লিষ্ট পেশাজীবীদের জন্য একটি সাংস্কৃতিক যোগ্যতামূলক প্রশিক্ষণ প্রক্রিয়া তৈরি করা যায়। এই প্রশিক্ষণটি চলতি বছর পরবর্তীতে প্রকাশ করা হবে।

প্রাথমিক নির্দেশিকা ও অন্যান্য উপকরণের সঙ্গে, ফার্স্ট রেসপন্ডারদের মানসিক স্বাস্থ্য ও সুস্থতা বিষয়ক DHSES ওয়েবসাইটের নতুন অংশে ভিডিওটি পাওয়া যাবে। এই ওয়েবপেজটি স্টেট ও স্থানীয় সংস্থাগুলোর জন্য আরেকটি সহায়ক উৎস হিসেবে কাজ করবে যেখানে দরকারি কিছু রিসোর্সের লিংক থাকবে — যার মধ্যে রয়েছে DHSES-এর জন্য SUNY নিউ পাল্টজের ইনস্টিটিউট ফর ডিজাস্টার মেন্টাল হেলথ এবং বেঞ্জামিন সেন্টার পরিচালিত ফার্স্ট রেসপন্ডাদের মানসিক স্বাস্থ্যগত চাহিদা মূল্যায়ন।

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমারজেন্সি সার্ভিসেস বিভাগের কমিশনার Jackie Bray (জ্যাকি ব্রে) বলেন, "ফার্স্ট রেসপন্ডারগণ প্রতিদিনই ভয়াবহ ও মানসিকভাবে আঘাতমূলক পরিস্থিতির মুখোমুখি হন, তাই তাদের মানসিক স্বাস্থ্যের সুরক্ষায় প্রয়োজনীয় সহায়তা পাওয়া অত্যন্ত জরুরি। এই নতুন উদ্যোগটি জননিরাপত্তামূলক সংস্থাগুলোকে কার্যকর সুস্থতা কর্মসূচি গড়ে তোলার জন্য প্রয়োজনীয় উপকরণ দিচ্ছে যাতে আমরা আমাদের ফার্স্ট রেসপন্ডারদের যত্ন নিতে পারি, ঠিক যেমনভাবে তারা আমাদের যত্ন নেন।"

গবেষণায় দেখা গেছে যে, ইউনিফর্মধারী পেশাজীবীদের মধ্যে দীর্ঘমেয়াদি মানসিক চাপ ও ট্রমা খুবই সাধারণ এবং এর ফলে তারা আত্মহত্যার উচ্চ ঝুঁকিতে থাকেন। জননিরাপত্তা খাতের কর্মীদের মানসিক স্বাস্থ্যগত চ্যালেঞ্জগুলো আরো ভালোভাবে বোঝার জন্য, DHSES সংস্থা SUNY নিউ পল্টজের ইনস্টিটিউট ফর ডিজাস্টার মেন্টাল হেলথের সঙ্গে অংশীদারিত্বে একটি ফার্স্ট রেসপন্ডাদের চাহিদা মূল্যায়ন বিষয়ক সার্ভে পরিচালনা করে যেখানে দেশের বিভিন্ন অঞ্চলের আইন প্রয়োগকারী সংস্থা, জরুরি চিকিৎসা সেবা, অগ্নিনির্বাপন, জরুরি যোগাযোগ ও জরুরি ব্যবস্থাপনা বিভাগের 6,000-জনেরও বেশি ব্যক্তিকে অন্তর্ভুক্ত করা হয়।

গবেষণায় উঠে এসেছে, দায়িত্বপালনকারীদের অর্ধেকেরও বেশি তাদের কর্মস্থল-সম্পর্কিত তীব্র মানসিক চাপ, বার্নআউট, উদ্বেগ এবং বিষণ্নতায় ভুগছেন এবং অনেকে সামাজিক কলঙ্কের আশঙ্কায় মানসিক সহায়তা চাইতে পিছপা হন। গবেষণার মোট উত্তরদাতাদের 16 শতাংশ আত্মহত্যার চিন্তার কথা জানিয়েছেন — যা স্টেটের সাধারণ মানুষের তুলনায় চারগুণ বেশি। একইভাবে, নিউ ইয়র্কের সাবেক সেনারা সাধারণ নাগরিকদের তুলনায় প্রায় দ্বিগুণ হারে আত্মহত্যা করেন — এই প্রবণতা 2012 সাল থেকে কার্যত অপরিবর্তিত রয়েছে। 55 বছরের নিচের সাবেক সেনাদের মধ্যে আত্মহত্যার হার সবচেয়ে বেশি।

নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অফিসের কমিশনার Dr. Ann Sullivan (ডা. অ্যান সুলিভান) বলেন, "আমাদের কমিউনিটিকে সেবা দেন এবং আমাদের নিরাপদ রাখেন — এমন মানুষদের সমর্থন করাটা অত্যন্ত জরুরি। আমাদের ইউনিফর্ম পরিহিত কর্মী বাহিনী এবং ভেটেরানগণ প্রায়ই কাজের চাপ ও দীর্ঘমেয়াদি মানসিক আঘাতে ভুগে থাকেন। এই উদ্যোগগুলো তাদের মানসিক স্বাস্থ্যের উন্নতি, স্থিতিস্থাপকতা বৃদ্ধি এবং বার্নআউট প্রতিরোধে সহায়তা করবে।"

SUNY নিউ পাল্টজ ইনস্টিটিউট ফর ডিজাস্টার মেন্টাল হেলথের পরিচালক Dr. Robin Jacobowitz (ডা. রবিন জ্যাকবোউইটজ) বলেন, "DHSES-এর নতুন উদ্যোগগুলো ফার্স্ট রেসপন্ডাদের মানসিক স্বাস্থ্যগত চাহিদা মূল্যায়ন থেকে প্রাপ্ত তথ্যকে কার্যকর পদক্ষেপে রূপান্তর করছে — যা মানসিক সুস্থতা কর্মসূচি উন্নয়নে দিকনির্দেশনা দিচ্ছে এবং ফার্স্ট রেসপন্ডারদের অনন্য মানসিক স্বাস্থ্যগত চাহিদাগুলোকে গুরুত্ব দিচ্ছে। SUNY নিউ পাল্টজ ইনস্টিটিউট ফর ডিজাস্টার মেন্টাল হেলথ DHSES-এর সঙ্গে অংশীদারিত্বের জন্য কৃতজ্ঞ যা ফার্স্ট রেসপন্ডাদের মানসিক স্বাস্থ্যগত চাহিদা মূল্যায়নকে এগিয়ে নিতে এবং আমাদের কাজকে সহায়তা করছে।"

DHSES-এর প্রচেষ্টার পাশাপাশি, OMH ফার্স্ট রেসপন্ডারদের মানসিক স্বাস্থ্য সহায়তার জন্য একাধিক উদ্যোগ পরিচালনা করছে। CARES UP প্রোগ্রামটি ইউনিফর্ম পরিহিত কর্মী এবং ভেটেরানদের মানসিক স্বাস্থ্য ও সুস্থতা উন্নত করার উপর গুরুত্ব দেয় এবং এটি সরকারি নিরাপত্তা সংস্থাগুলোকে তাদের ওয়েলনেস প্রচেষ্টা উন্নয়নে সহায়তার জন্য তহবিল এবং অন্যান্য রিসোর্স প্রদান করে।

এই মাসের শুরুর দিকে, OMH একটি দুই দিনের একটি সম্মেলনের আয়োজন করে যা সামরিক ভেটেরান ও ইউনিফর্মধারী কর্মীদের মধ্যে আত্মহত্যার অস্বাভাবিকভাবে উচ্চ হার নিয়ে আলোচনা করে, এর মধ্যে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, অগ্নিনির্বাপক কর্মী, জরুরি চিকিৎসা সেবাকর্মী, কারা কর্মকর্তা এবং 911 ডিসপ্যাচাররাও অন্তর্ভুক্ত ছিলেন। গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল)-এর ভেটেরান ও ইউনিফর্মধারী কর্মীদের মানসিক স্বাস্থ্যগত চাহিদা পূরণে চলমান প্রচেষ্টার অংশ হিসেবে, এই সম্মেলনে জাতীয়ভাবে স্বীকৃত বক্তা, বিশেষজ্ঞ, প্রশিক্ষণ এবং কর্মশালার আয়োজন করা হয় — যেখানে এই পেশাগুলোর সঙ্গে যুক্ত চাপ ও ট্রমার প্রভাব নিয়ে আলোচনা হয়।

OMH আরও পরিচালনা করে 988 সুইসাইড অ্যান্ড ক্রাইসিস লাইফলাইন যা নিউ ইয়র্কবাসীদের 24/7 সংকট বিষয়ক প্রশিক্ষিত পরামর্শদাতাদের সঙ্গে সংযুক্ত করে এটি আত্মহত্যার চিন্তা, মাদকাসক্তি, মানসিক স্বাস্থ্যগত সংকট বা যেকোনো আবেগগত কষ্টে ভোগা ব্যক্তিদের সহায়তা করতে পারে। এছাড়াও, নিউ ইয়র্কবাসীগণ যদি কারো ব্যাপারে উদ্বিগ্ন হন বা মনে করেন যে কেউ সংকটময় অবস্থায় রয়েছে তাহলে তারা কল, টেক্সট বা চ্যাটের মাধ্যমে 988 নম্বরে যোগাযোগ করতে পারেন।

###

আরো খবর www.governor.ny.gov-এ পাওয়া যাবে
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন